

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৩

ধৰ্মনগর, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**ধৰ্মনগর মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের মহড়া**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ৫৪-কদমতলা-কুতি ও ৫৫-বাগবাসা বিধানসভা ক্ষেত্রে নিযুক্ত ভোটগ্রহণ কর্মীদের তৃতীয় পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। ধৰ্মনগর সরকারি মহাবিদ্যালয়ে গতকাল এই মহড়ায় উপস্থিত ছিলেন ৫৪-কদমতলা-কুতি বিধানসভা ক্ষেত্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার তথা ধৰ্মনগর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক সজল দেবনাথ, ৫৫-বাগবাসা বিধানসভা ক্ষেত্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার তথা উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট কমলেশ ধর। এছাড়াও উপস্থিত ছিলেন ধৰ্মনগর মহকুমার মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টর ও ম্যাজিস্ট্রেট জিনিয়াস দেববর্মা এবং ডিস্ট্রিক্ট লেভেল মাস্টার ট্রেনার প্রমুখ।

\*\*\*\*\*